



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours Part-III Examination, 2019



বাংলা

সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রাস্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০
- (ক) প্রতিদিনের লিখিত রোজনামচা কোন কোন বৈশিষ্ট্য ডায়েরি-সাহিত্য হয়ে ওঠে ? বাংলা সাহিত্যের একটি উৎকৃষ্ট ডায়েরি-সাহিত্য সম্পর্কে আলোচনা করো। ৪+৬
- (খ) ভ্রমণ সাহিত্যের সাহিত্যগত লক্ষণগুলি আলোচনা করে একটি সার্থক বাংলা ভ্রমণ সাহিত্যে সেই লক্ষণগুলি কীভাবে প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৪+৬
- (গ) জীবনীমূলক সাহিত্য সমালোচনা পদ্ধতির সম্ভাবনা ও সীমাবদ্ধতা উল্লেখ করে এই বিষয়ে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো। ১০
- (ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো দুটি) ৫+৫ = ১০
- (অ) রম্যরচনা, (আ) পত্রসাহিত্য, (ই) ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ।
- ২। পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে 'কমলাকান্তের দপ্তর' রচনাটির শ্রেণি বিচার করো। ১৫
- অথবা
- “যৌবনে অর্জিত সুখ অল্প এখন অর্জিত সুখ অধিক” – কোন প্রবন্ধের অংশ ? যৌবন এবং বার্ধক্যের সুখানুভূতির পার্থক্য কোথায় ? সুখের অনুভূতি সম্পর্কে প্রাবন্ধিকের অভিমতটি ব্যক্ত করো। ১+৬+৮
- ৩। “বিধাতা আমাদের এমনি একটি ক্ষুদ্র জীর্ণ দীন বস্ত্রখণ্ড দিয়েছেন,” — প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির ব্যাখ্যা করো। ১৫
- অথবা
- ‘ছিন্নপত্র’কে কেন সমসাময়িক রবীন্দ্র কাব্যের সমান্তরাল পর্ব বলা হয় পাঠ্য পত্রগুলি অবলম্বনে উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ১৫

- ৪। “আমাদের দেশে এমন একটি বিশ্ববিদ্যালয় গড়বার পরীক্ষা খুবই বাঞ্ছনীয়, যার বিশেষ ঝোঁক থাকবে বিজ্ঞান ও সমাজতত্ত্বের উপরে এবং যেটি চালান হবে কোন ভারতীয় ভাষার মাধ্যমে।” — প্রসঙ্গটি উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

অথবা

- “পটুয়া শিল্প” প্রবন্ধে বঙ্গীয় পটশিল্পের উদ্ভবের পটভূমি বুঝিয়ে দাও। বঙ্গীয় পটশিল্পে ‘বলবার কথা’ আর ‘বলবার ভাষা’ সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্য স্পষ্ট করো। ৫+১০

- ৫। রূপকথা ও উপকথার তুলনামূলক আলোচনা করে বাঙালি জীবনে রূপকথার প্রভাব কিরূপে ‘একটা বাস্তবতার দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়’ — যুক্তিসহ আলোচনা করো। ১৫

অথবা

- “আজকে আমাদের উত্তরাধিকার আবিষ্কার করতে হলে যাঁদের রচনাবলি বিচার করতে হবে...” ১+১+১+১+২
— কোন প্রবন্ধের উদ্ধৃতি? প্রবন্ধকার কে? এখানে প্রাবন্ধিক কার ‘রচনাবলি’ বিচার করার কথা বলেছেন? কেন তাঁর ‘রচনাবলি’ ‘বিচার’ করা প্রয়োজন? ১+১+১+১+২

- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ ২০

- (ক) মধ্যযুগের বাংলা কাব্যে নারী-পুরুষ সম্পর্কের বৈচিত্র্য
(খ) গণনাট্য আন্দোলন ও বাংলা নাটক
(গ) উনিশ শতকের নবজাগরণ ও বাংলা কবিতা
(ঘ) বাংলা ঐতিহাসিক উপন্যাস
(ঙ) বাংলা সাহিত্যের চলচ্চিত্রায়ণ
(চ) কালিদাস ও রবীন্দ্রনাথ।

—x—